" শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified

প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর
সদর দপ্তর ভবন, ঢাকা-১২২৯
ফোনঃ +৮৮ ০২ ৮৯০০৩১০, ৮৯০০৫১০
e-mail: cepbreb@gmail.com

স্মারক নং-২৭.১২.০০০০.০০৮.০৬.০০৫.১৮/৮৬৫

তারিখঃ ১৬ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ। / ২৯ এপ্রিল, ২০১৮ খ্রিষ্টাব্দ।

**বিষয়ঃ উপজেলা শতভাগ বিদ্যুতায়নসহ বাপবিবোর্ডের সার্বিক কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে মাঠ পর্যায়ের কর্তকর্তাদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

**সূত্রঃ** প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তরের স্মারক নং-২৭.১২.০০০০.০০৮.০৬.০০৫.১৮/৮৩৮; তারিখঃ ১৭/০৪/২০১৮খ্রিঃ।

উপজেলা শতভাগ বিদ্যুতায়ন, প্রি-পেমেন্ট মিটার স্থাপন ও পরিচালন, পোলের চুক্তি ও সরবরাহ পরিস্থিতি ইত্যাদি সার্বিক বিষয়ে মাঠ পর্যায়ের সকল তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, উপদেষ্টা প্রতিষ্ঠানের দলনেতা ও রিটেইনার প্রকৌশলী এবং সদর দপ্তরস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সমন্বয়ে একটি সভা অনুষ্ঠিত হয়ঃ

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **মেজর জেনারেল মঈন উদ্দিন (অব.), চেয়ারম্যান, বাপবিবোর্ড।** |
| **স্থান** | : | **ব্রিগেডিয়ার সবিহ উদ্দিন আহমেদ হল,<br>সদর দপ্তর ভবন (২য় তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।** |
| **তারিখ** | : | **২১ এপ্রিল, ২০১৮ খ্রিঃ, শনিবার।** |
| **সময়** | : | **সকাল ০৯: ৩০ ঘটিকা।** |
| **উপস্থিতি** | : | **পরিশিষ্ট-ক এ সংযুক্ত।** |

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে সদস্য (বিতরণ ও পরিচালন) কর্তৃক সভার প্রেক্ষাপট ব্যাখ্যা করা হয়। অতঃপর সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), সদস্য (সমিতি ব্যবস্থাপনা) ও সদস্য (অর্থ) কর্তৃক স্বাগত বক্তব্যের পর সভার উদ্দেশ্য (Objective) সম্পর্কে আলোকপাত করা হয়। পরবর্তীতে, আলোচ্যসূচী অনুসারে প্রি-পেমেন্ট মিটার স্থাপন ও পরিচালন, পোলের চুক্তি ও সরবরাহ পরিস্থিতি, উপজেলা শতভাগ বিদ্যুতায়ন, ভূমি ক্রয়/অধিগ্রহণ, টি-অফ অপসারণ ইত্যাদি কাজের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

২.০। **আলোচনাঃ**

২.১। প্রি-পেমেন্ট মিটার স্থাপন ও পরিচালন সম্পর্কিত উপস্থাপনায় উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক অবহিত করা হয় যে, ঢাকার পার্শ্ববর্তী ৪টি পবিস (ঢাকা-১/৪, গাজীপুর-১ ও নারায়নগঞ্জ-১)-এ এযাবত ২০,৫০০ টি প্রি-পেমেন্ট মিটার স্থাপিত হয়েছে। এছাড়া, চলতি ২০১৭-১৮ অর্থ বছরে সমিতি অর্থায়নে ০৮টি পবিস (ঢাকা-১/৩/৪, গাজীপুর-১, নারায়নগঞ্জ-১/২, নরসিংদী-১ ও ময়মনসিংহ পবিস-২)-এ ৪০,০০০ টি প্রি-পেমেন্ট মিটার স্থাপন কাজ চলছে। আগামী ২০১৮-১৯ অর্থবছরে সমিতি অর্থায়নে ১০ টি পবিস- ( ঢাকা-১/৩/৪, গাজীপুর-১/২, নরায়নগঞ্জ-১/২, নরসিংদী-১/২ ও ময়মনসিংহ পবিস-২) এ আরো ৫০০০০ প্রি-পেমেন্ট মিটার স্থাপন করা হবে। এগুলো বাদে এডিবি অর্থায়নে ৮০ টি পবিস-এ জুন ২০২০-এর মধ্যে আরো ৪২ লক্ষ ১০ হাজার প্রি-পেমেন্ট মিটার স্থাপন কার্যক্রম চলমান আছে।

২.২। প্রি-পেমেন্ট মিটার-এ শতভাগ রাজস্ব অগ্রিম আদায় হয়। এতে ওভারলোড/পিক-লোড নিয়ন্ত্রণ সুবিধাসহ অটো কানেকশন/ডিসকানেকশন সুবিধা আছে। ব্যবহারকারীদের সুবিধার্থে ইমারজেন্সী ব্যালেন্স, ফ্রেন্ডলী আওয়ার সুবিধার পাশাপাশি সাপ্তাহিক/সরকারী ছুটির দিনে মিটার চালু রাখার ব্যবস্থা আছে। মিটার স্থাপনের জন্য ফিডারভিত্তিক গ্রাহক তথ্য (নাম, শ্রেণী, কন্ট্রাক্ট লোড, ট্যারিফ ইত্যাদি) প্রোগ্রামিং-এর জন্য মিটার সরবরাহ ও স্থাপনকারী সংশ্লিষ্ট ঠিকাদারকে প্রদান করতে হয়। রিচার্জিং টোকেন বিক্রির জন্য ভেন্ডিং ষ্টেশন স্থাপন, থার্ড পার্টির মাধ্যমে Point of Sales (POS) চালুকরণের পাশাপাশি বেসরকারী উদ্যোক্তা, ব্যাংক ইত্যাদি পর্যায়ে POS চালুর ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

২.৩। পোলের চুক্তি ও সরবরাহের বিষয়ে এমপিএসএস পরিদপ্তরের উপস্থাপনায় দেখা যায় যে, চলতি ২০১৭-১৮ অর্থবছরে বিভিন্ন প্রকল্পে ১৯,২২,৮৯০ টি পোলের চুক্তি সম্পন্ন হয়েছে। তম্মধ্যে ১৪,৫৫,৮৩৭ টি পোলের পরিদর্শন সম্পন্ন হয়েছে। পরিদর্শনকৃত পোলের মধ্যে ২,৩৩,৫৯৯ টি পোল অদ্যাবধি পরিবহন হয়নি। অপরিবহনকৃত পোলসমূহ জরুরী পরিবহন করাসহ চুক্তি মোতাবেক অবশিষ্ট পরিদর্শনযোগ্য ৪,৬৭,০৫৩ টি পোল পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টগণকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, সংশ্লিষ্ট পোল সরবরাহকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীগণের সাথে অবিলম্বে একটি সভার আয়োজন করার জন্য এমপিএসএস পরিদপ্তরকে নির্দেশনা দেওয়া হয়।

২.৪। উপজেলা শতভাগ বিদ্যুতায়ন কাজের অগ্রগতির বিষয়ে ১২ টি জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত তথ্যে দেখা যায় যে, কোন কোন পবিস-এ এখনো DPP সংস্থানের ঘাটতি রয়েছে। অথচ ইতোপূর্বে ১.৫ এমসিসি প্রকল্পে ১৫০০০ কিলোমিটার লাইনের সংস্থান বৃদ্ধি করে RDPP চূড়ান্ত করা হচ্ছে। তদুপরি, শতভাগ (ডিএমসিএস/ আরআরকেবি) প্রকল্পের সংস্থান পুণঃবিন্যাস করে বর্তমান পর্যন্ত ঘাটতি লাইনের সংস্থান করার নির্দেশনা দেওয়া হয়।

২.৫। উপজেলা শতভাগ বিদ্যুতায়নের সিডিউল মোতাবেক জুন-১৮ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়নযোগ্য উপজেলার সংখ্যা ১৩৫ টি। উক্ত ১৩৫ টি উপজেলায় লাইন নির্মাণ কাজের অগ্রগতি, অবশিষ্ট লাইনের পরিমাণ, প্রয়োজনীয় পোল এবং পোল বরাদ্দের সম্ভাব্যতা পর্যালোচনাপূর্বক জুন-২০১৮ এর মধ্যে শতভাগ বিদ্যুতায়নযোগ্য উপজেলার সংখ্যা ১০৯ টি নির্ধারণ করা হয়। উক্ত ১০৯ টিসহ অন্যান্য উপজেলায় লাইন নির্মাণ কাজ অব্যাহত রাখতে হবে। বর্ষা মৌসুমে কাজ করা যায় এরূপ স্থানে লাইন নির্মাণের জন্য যথাসময়ে প্রযোজ্য পদক্ষেপ গ্রহণের জন্যও সভায় নির্দেশনা প্রদান করা হয়।

২.৬। জমি ক্রয়/অধিগ্রহণ প্রক্রিয়ার অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, মোট প্রয়োজনীয় ৪১৩ টি জমির মধ্যে ২৬২ টি ক্রয়/অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ১৫১ টি জমির মধ্যে ০৮ টি জমি সমিতি অর্থায়নে ক্রয় এবং ১৪৩ টি জমি অধিগ্রহণ করতে হবে। বর্তমানে বিধি মোতাবেক ভূমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদনের পর জেলা ভূমি বরাদ্দ কমিটি বরাবর দাখিলতব্য প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট জমির বিপরীতে পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি/ছাড়পত্র প্রদান করতে হয়। স্থানীয় পর্যায়ে অবস্থিত পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালকের কার্যালয় হতে বর্ণিত অনাপত্তি গ্রহণের জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, প্রকল্পের বিপরীতে কেন্দ্রীয়ভাবে অনাপত্তি/ছাড়পত্র গ্রহণের জন্য বাপবিবোর্ডের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক-কে নির্দেশনা দেওয়া হয়।

২.৭। বিভিন্ন পবিস-এ অন্যান্য বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীর সাথে বিদ্যমান Tee-off অপসারণ কাজের অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, মোট ১১ টি Tee-off এর মধ্যে জুন-২০১৮ খ্রিঃ-এর মধ্যে ০৬ টি Tee-off অপসারিত হবে। অবশিষ্ট ০৪ টি Tee-off গ্রীড নির্মাণ সমাপ্তি/স্থানীয় বাঁধা নিষ্পত্তির উপর নির্ভরশীল হওয়ায় তদনুসারে অপসারণ নিশ্চিত করার নির্দেশনা দেওয়া হয়।

৩.০। **সিদ্ধান্তঃ** সার্বিক পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

<table>
<tr><th>ক্রম</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.১।</td><td>জুন ২০১৮-এর মধ্যে শতভাগ বিদ্যুতায়নযোগ্য উপজেলাসমূহের কাজের অগ্রগতি, অবশিষ্ট কাজের পরিমাণ এবং পোল সরবরাহ পরিস্থিতি পর্যালোচনান্তে নির্ধারনকৃত ১০৯ টি উপজেলার শতভাগ বিদ্যুতায়ন কাজসহ নিম্নবর্ণিত সিডিউল মোতাবেক অবশিষ্ট উপজেলাসমূহের [তালিকা ‘পরিশিষ্ট-ক’ এ সংযুক্ত] শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন করতে হবে।<br><br>
<table>
<tr><th>ক্রম</th><th>শতভাগ বিদ্যুতায়নের সময়</th><th>উপজেলা (টি)</th></tr>
<tr><td>১</td><td>উদ্বোধনকৃত</td><td>৫১</td></tr>
<tr><td>২</td><td>মার্চ ২০১৮ পর্যন্ত সম্পাদিত</td><td>১৩৫</td></tr>
<tr><td>৩</td><td>জুন ২০১৮ এর মধ্যে সম্পাদনেযোগ্য</td><td>১০৯</td></tr>
<tr><td>৪</td><td>সেপ্টেম্বর ২০১৮ এর মধ্যে সম্পাদনের জন্য নির্ধারিত</td><td>১৬৫</td></tr>
<tr><td colspan="2">মোট =</td><td>৪৬০</td></tr>
</table></td><td>প্রকল্প পরিচালক;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার;<br>উপদেষ্টা প্রতিষ্ঠান;<br>ঠিকাদারী প্রতিষ্ঠান।</td></tr>
<tr><td>৩.২।</td><td>বিভিন্ন প্রকল্পে চুক্তিকৃত ১৯ লক্ষ ২২ হাজার টি পোলের মধ্যে প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক অদ্যাবধি ৪ লক্ষ ৬৭ হাজার পোল পরিদর্শনের জন্য প্রস্তুত করা হয়নি। এছাড়া, পরিদর্শনকৃত পোলের মধ্যেও ২ লক্ষ ৩৩ হাজার পোল Uncarried আছে। অবিলম্বে Uncarried পোলগুলো পরিবহন এবং অপরিদর্শনকৃত পোল পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করাসহ সংশ্লিষ্ট সরবরাহকারীদের সাথে একটি সভার ব্যবস্থা করতে হবে।</td><td>এমপিএসএস পরিদপ্তর;<br>আইটি পরিদপ্তর;<br>সিএসএন্ডএম পরিদপ্তর;<br>প্রকল্প পরিচালক।</td></tr>
<tr><td>৩.৩।</td><td>শতভাগ বিদ্যুতায়নের স্বার্থে প্রয়োজনীয় লাইনের পরিমাণ যথাসময়ে নিরূপনে ব্যর্থতার কারণে ১.৫ এমসিসি প্রকল্পে অতিরিক্ত ১৫০০০ কিমি. লাইন অন্তর্ভূক্ত করার পরও বিভিন্ন পবিস-এ ডিপিপি সংস্থানের ঘাটতি পরিলক্ষিত হচ্ছে। বর্তমান পর্যন্ত ঘাটতি সংস্থান শতভাগ (ডিএমসিএস/ আরআরকেবি) প্রকল্পে পবিসভিত্তিক সংস্থান পুনঃবিন্যাসের মাধ্যমে নির্বাহ করা হবে। এরপরও ঘাটতি দেখা দিলে সংশ্লিষ্ট পবিস কর্তৃক নিজস্ব অর্থায়নে উক্ত লাইন নির্মাণ করতে হবে।</td><td>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার;<br>নির্বাহী প্রকৌশলী;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>প্রকল্প পরিচালক।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.৪।</td><td>বিভিন্ন স্থাপনা নির্মাণের জন্য প্রয়োজনীয় ৪১৩ টি জমির মধ্যে ২৬২ টি জমি ক্রয়/অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ১৫১ টি জমির ক্রয়/অধিগ্রহণের জন্য নিম্নবর্ণিত কার্যব্যবস্থা নিশ্চিত করতে হবেঃ<br>(ক) সমিতি অর্থায়ণে ক্রয়তব্য **নিম্নবর্ণিত ০৮ (আট) টি জমি ৩০/০৬/২০১৮ খ্রিঃ-এর মধ্যে ক্রয় করতে হবেঃ**
<table>
<tr><th>ক্রম</th><th>স্থাপনা</th><th>পবিস</th></tr>
<tr><td>১</td><td>গড়াই জোনাল অফিস</td><td>টাঙ্গাইল</td></tr>
<tr><td>২</td><td>মির্জাপর জোনাল অফিস</td><td>টাঙ্গাইল</td></tr>
<tr><td>৩</td><td>বাঞ্ছারামপুর জোনাল অফিস</td><td>কুমিল্লা-৩</td></tr>
<tr><td>৪</td><td>সোনাগাজী জোনাল অফিস</td><td>ফেণী</td></tr>
<tr><td>৫</td><td>চাঁদপুর পবিস-২ এর সদর দপ্তর</td><td>চাঁদপুর পবিস-২</td></tr>
<tr><td>৬</td><td>নবীনগর জোনাল অফিস</td><td>বি-বাড়ীয়া</td></tr>
<tr><td>৭</td><td>পীরগঞ্জ জোনাল অফিস</td><td>রংপুর পবিস-১</td></tr>
<tr><td>৮</td><td>ডোমার জোনাল অফিস</td><td>নীলফামারী</td></tr>
</table>
(খ) অবশিষ্ট ১৪৩ টি জমি সংশ্লিষ্ট জেলা প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে অধিগ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে।</td><td>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার;<br>নির্বাহী প্রকৌশলী;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী।</td></tr>
<tr><td>৩.৫।</td><td>জিওবি অর্থায়নে চলমান প্রকল্পসমূহের আওতায় পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি/ছাড়পত্র গ্রহণের জন্য নিম্নবর্ণিত কার্যব্যবস্থা গ্রহণ করতে হবেঃ<br>(ক) ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে বাপবিবোর্ডের সংশ্লিষ্ট **নির্বাহী প্রকৌশলী কর্তৃক** পরিবেশ অধিদপ্তরের **স্থানীয় উপ-পরিচালকের কার্যালয় হতে অনাপত্তি গ্রহণ করতে হবে।**<br>(খ) প্রতিটি প্রকল্পের বিপরীতে পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি/ছাড়পত্র গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা) প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td>নির্বাহী প্রকৌশলী;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী।<br><br>প্রকল্প পরিচালক;<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা)।</td></tr>
<tr><td>৩.৬।</td><td>অন্যান্য বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীর সাথে বিভিন্ন পবিস-এ বিদ্যমান Tee-off সমূহ নিম্নবর্ণিত সময়ের মধ্যে অপসারণ করতে হবেঃ
<table>
<tr><th>ক্রম</th><th>পবিস</th><th>Tee-off</th><th>অপসারণের সময়</th></tr>
<tr><td>১</td><td>জামালপুর</td><td>সরিষাবাড়ী</td><td>মে-২০১৮</td></tr>
<tr><td>২</td><td>সিলেট-২</td><td>বটেশ্বর</td><td>জুন-২০১৮</td></tr>
<tr><td>৩</td><td>চাঁদপুর-২</td><td>ফরিদগঞ্জ</td><td>জুন-২০১৮</td></tr>
<tr><td>৪</td><td>পটুয়াখালী</td><td>বরগুনা</td><td>জুন-২০১৮</td></tr>
<tr><td>৫</td><td>যশোর-২</td><td>কালিয়া</td><td>জুলাই-২০১৮</td></tr>
<tr><td>৬</td><td>বরিশাল-১</td><td>বাকেরগঞ্জ</td><td>জুন-২০১৮</td></tr>
<tr><td>৭</td><td>পাবনা-১</td><td>আরামবাড়ীয়া</td><td>মে-২০১৮ (বাধা নিরসন সাপেক্ষে)</td></tr>
<tr><td>৮</td><td>কুষ্টিয়া</td><td>কুমারগাড়া</td><td>মে-২০১৮ (বাধা নিরসন সাপেক্ষে)</td></tr>
<tr><td>৯</td><td>হবিগঞ্জ</td><td>বালিখাল</td><td>মে-২০১৮ (বাধা নিরসন সাপেক্ষে)</td></tr>
<tr><td>১০</td><td>চট্টগ্রাম-৩</td><td>বরুয়াপাড়া</td><td>জুন-২০১৮</td></tr>
</table></td><td>তত্ত্বাবধায়ক প্রকৌশলী;<br>নির্বাহী প্রকৌশলী;<br>সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার;</td></tr>
</table>

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩.৭। | ঢাকার পার্শ্ববর্তী ১০ টি পবিস-এ চলমান প্রি-পেমেন্ট মিটার স্থাপন ও পরিচালন কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক নিম্নবর্ণিত কার্যব্যবস্থা গ্রহণ করতে হবেঃ<br>(ক) প্রি-পেমেন্ট মিটার সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক ইতোমধ্যে সরবরাহকৃত ও সরবরাহতব্য **POS (Point of Sales) সমূহ** সমিতির ভৌগলিক এলাকাস্থ বিভিন্ন স্থানে সরকারি/ বেসরকারী প্রতিষ্ঠানে প্রদান করে উক্ত POS-এর মাধ্যমে **মিটার ভেন্ডিং (মিটার রিচার্জিং) কার্যক্রম গ্রাহকের দোরগাড়ায় পৌছানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।**<br>(খ) মোবাইল অপারেটর-এর সাথে যোগাযোগ করে GPRS **SIM সংগ্রহপূর্বক** ৩-ফেজ প্রি-পেমেন্ট মিটারসমূহে বিদ্যমান **অনলাইন ভেন্ডিং/ রিচাজিং সিষ্টেমটি চালুর** ব্যবস্থা করতে হবে।<br>(গ) প্রি-পেমেন্ট মিটার স্থাপনকালে **সরবরাহকারীর নিকট হতে** মিটার স্থাপন ও পরিচালন-এর বিষয়ে সমিতির এজিএম (আইটি)/ জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি)সহ উপযুক্ত কর্মকর্তাদেরকে **LIVE প্রশিক্ষণ গ্রহণের** ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) চলতি **২০১৭-১৮ অর্থবছরে** ১০টি পবিস-এ **৪০ (চল্লিশ) হাজার প্রি-পেমেন্ট** মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা অর্জন নিশচত করতে হবে। | সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার- ঢাকা পবিস-১/৩/৪, নরায়নগঞ্জ পবিস-১/২, গাজীপুর পবিস-১/২, নরসিংদী পবিস-১/২, ময়মনসিংহ পবিস-২; প্রকল্প পরিচালক, পিপিএম। |

৪.০। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**সংযুক্তিঃ বর্ণনামতে।**

(মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ))
চেয়ারম্যান

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়): প্রযোজ্যতা অনুসারে প্রয়োজনীয় ব্যবসথা গ্রহণের অনুরোধসহ।

১। সদস্য (প্রশাসন/অর্থ/ বিতরণ ও পরিচালন/ পরিকল্পনা ও উন্নয়ন/ সমিতি ব্যবস্থাপনা, বাপবিবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (প্রকল্প/ পওপ) / নির্বাহী পরিচালক/ নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব)/ প্রকল্প পরিচালক, ইউআরইডিএস: ডিসিএসডি/ ১.৫ এমসিসিপি/ ১০০% ডিএনইএস (ডিএমসিএস/আরআরকেবি) প্রকল্প, বাপবিবো, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাপবিবো, রাজশাহী।
৪। প্রকল্প পরিচালক, আরইই-ডিডিপি-২/সিএসডিপি-২/আরআরডিপি-২/কেডিপি-২/বিডিপি-২/এসডিপিএন্ডআইডি/ ইউআরআইডিএস (ডিএমসিএস/আরআরকেবি)/ ৭০০০০ ওএলডিটি/ ২.৫এমসিসিপি/পিপিএম, বাপবিবো, ঢাকা।
৫। পরিচালক, (এমপিএসএস/সিএসএন্ডএম/এসইএন্ডডি/আইটি/আইসিটি/ সিষ্টেম অপারেশন (কেঃঅঃ)/কার্যক্রম পরিকল্পনা/ প্রশিক্ষণ/ পবিস উঃওপঃ (কেঃঅঃ/উঃঅঃ/দঃঅঃ/পূঃঅঃ), পরিদপ্তর/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড ও উপকেন্দ্র/এনার্জি অডিট এন্ড ট্যারিফ/ গবেষনা ও উন্নয়ন/ জেনারেশন/ জিআইএস/ পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা) বাপবিবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ময়মনসিংহ/ কুমিল্লা/চট্টগ্রাম/ সিলেট/রাজশাহী/ রংপুর/বগুড়া/ যশোর/ফরিদপুর/ বরিশাল জোন, বাপবিবো।
৭। উপ-প্রকল্প পরিচালক, ১.৫ এমসিসিপি/ ১০০% ডিএনইএস (ডিএমসিএস/আরআরকেবি), বাপবিবো, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী,----------------------------------------------------------------------------------বাপবিবো।
৯। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
১০। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার-----------------------------------------পবিস-১/২/৩/৪।
১১। স্থানীয় উপদেষ্টা প্রতিষ্ঠান মেসার্স-------------------------------------------------------পবিস-১/২/৩/৪।